অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/18/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল NORDTECH গবেষণা দলের জন্য মার্কিন যুক্তরাষ্ট্রের প্রতিরক্ষা বিভাগ থেকে 30 মিলিয়ন মার্কিন ডলারের বেশি অর্থলাভকে উদযাপন করলেন

ফেডারেল অর্থ নর্থইস্টকে একটি প্রতিরক্ষা বিভাগের উদ্ভাবন কেন্দ্র হিসেবে সমর্থন করবে এবং অভ্যন্তরীণ মাইক্রোইলেকট্রনিক্স প্রস্তুতকরণ শিল্পখাতের বিকাশের সূচনা করবে

নিউ ইয়র্ক স্টেটে অত্যাধুনিক গবেষণা ও বিকাশের জন্য "ল্যাব-থেকে-ফ্যাব" বাণিজ্যিকীকরণের প্রত্যক্ষ পথকে বলীয়ান করে

গভর্নর ক্যাথি হোকল আজকে মার্কিন যুক্তরাষ্ট্রের মাইক্রোইলেকট্রনিক্স কমন্স (Microelectronics Commons) কর্মসূচির জন্য নিউ ইয়র্ক স্টেটে সদর দপ্তর থাকা কেন্দ্র, নর্থইস্ট আঞ্চলিক প্রতিরক্ষা প্রযুক্তি কেন্দ্রের (Northeast Regional Defense Technology Hub, NORDTECH) জন্য ফেডারেল প্রতিরক্ষা বিভাগ (Department of Defense, DoD) থেকে 30 মিলিয়ন মার্কিন ডলার পাওয়া উদযাপন করলেন। কোয়ান্টাম প্রযুক্তি এবং বাণিজ্যিক লিপ এহেড প্রযুক্তির মতো প্রযুক্তি সংক্রান্ত খাত, যার মধ্যে পাওয়ার ইলেক্ট্রনিক্স, ম্যাগনেটিক্স, এবং ইন্টিগ্রেটেড ফটোনিক্স রয়েছে, সেখান থেকে কেন্দ্রের অংশগ্রহণকারীদের চারটি উদ্ভাবনী প্রকল্প নির্বাচন করা হয়েছে। এইসব অগ্রসর প্রকল্পের নিবেদিত কাজ ইতিমধ্যেই চলমান আছে।

"NORDTECH এর জন্য এই গুরুত্বপূর্ণ বিনিয়োগটি আমাদের অর্থনীতিতে একটি বড় উন্নতি করবে এবং নিউ ইয়র্ককে প্রযুক্তির বিশ্ববাজারের একজন নেতা হিসেবে আরেকবার প্রতিষ্ঠা করবে," **গভর্নর হোকল বলেন।** "বাইডেন-হ্যারিস প্রশাসন, সংখ্যাগরিষ্ঠ নেতা শুমার, এবং CHIPS ও বিজ্ঞান আইন (CHIPS and Science Act) পাশ করা আমাদের সকল ফেডারেল অংশীদারদের আমি ধন্যবাদ জানাতে চাই, যা নিউ ইয়র্কে পরবর্তী প্রজন্মের সেমিকন্ডাক্টর ও মাইক্রোইলেকট্রনিক গবেষণা, প্রস্তুতকরণ, এবং চাকরির প্রশিক্ষণ তৈরিতে সাহায্য করবে।"

NORDTECH এর কারিগরি পরিচালক নিকোলাস ফাহরেনকফ বলেন, "নভেল মাইক্রোইলেকট্রনিক্স প্রযুক্তির পরিণত হওয়া ত্বরান্বিত করতে প্রতিরক্ষা বিভাগ কর্তৃক আমাদের প্রকল্পসমূহকে নির্বাচিত হতে দেখে NORDTECH সম্মানিত হয়েছে। নতুনভাবে অর্থায়িত এইসব গবেষণার সহযোগিতামূলক কাজে 20 এর বেশি ভিন্ন ভিন্ন সরকারি ও শিক্ষাখাতের বিশেষজ্ঞ

ব্যক্তি রয়েছে যা হাইএন্ড প্রযুক্তি সংক্রান্ত সমাধানের ক্ষেত্রে প্রতিরক্ষা বিভাগের প্রয়োজন পূরণ করতে আমাদের সামগ্রিক শক্তি ও নিবেদনকে তুলে ধরে।"

বিদেশী মাইক্রোইলেকট্রনিক্সের উপর দেশের নির্ভরশীলতা হ্রাস করতে এবং সরবরাহ চেইনের ঝুঁকি থেকে দেশকে নিরাপদ রাখার একটি প্রত্যক্ষ পথ তৈরি করার জন্য মাইক্রোইলেকট্রনিক্স কমন্স গঠন করা হয়। NORDTECH হলো নিউ ইয়র্ক স্টেটের সরকারি ল্যাব, প্রতিরক্ষা কোম্পানি, শিক্ষা প্রতিষ্ঠান, এবং প্রযুক্তি প্রস্তুতকরণ সংগঠনের একটি আঞ্চলিক কনসোর্টিয়াম এবং এটি মার্কিন যুক্তরাষ্ট্রের মাইক্রোইলেকট্রনিক্স কমন্স গঠন করা আটটি কেন্দ্রের একটি। কেন্দ্রের নেতৃত্বের দল এবং পরিচালনা কমিটি গঠিত হয়েছে NORDTECH এর পাঁচজন প্রতিষ্ঠাতা সদস্যদের নিয়ে, তারা হলো: নিউ ইয়র্ক গবেষণা, অর্থনৈতিক অগ্রগতি, প্রযুক্তি, প্রকৌশল, এবং বিজ্ঞান কেন্দ্র (New York Center for Research, Economic Advancement, Technology, Engineering, and Science, NY CREATES), অ্যালবানি ইউনিভার্সিটির (University at Albany) ন্যানোটেকনোলজি, বিজ্ঞান, এবং প্রকৌশল কলেজ (College of Nanotechnology, Science, and Engineering, CNSE), কর্নেল ইউনিভার্সিটি (Cornell University), রেনসেলার পলিটেকনিক ইনস্টিটিউট (Rensselaer Polytechnic Institute, RPI), এবং ইন্টারন্যাশনাল বিজনেস মেশিন্স কর্পোরেশন (International Business Machines Corporation, IBM)।

NY CREATES, AIM ফটোনিক্স (AIM Photonics) এবং কর্নেল ইউনিভার্সিটি, কর্নেল, এবং রচেস্টার ইনস্টিটিউট অফ টেকনোলজির (Rochester Institute of Technology, RIT) নেতৃত্বের অর্থায়িত প্রকল্পসমূহের একটি যথাক্রমিক পূর্ণাঙ্গ তালিকা এখানে পাওয়া যাবে: w www.nordtechub.org/nordtech-news/dod-award।

সিনেটের সংখ্যাগরিষ্ঠ নেতা চার্লস শুমার বলেন, "চিপ শিল্পখাতে আমেরিকার জাতীয় নিরাপত্তার জন্য উদ্ভাবনের ভবিষ্যতে আপস্টেট নিউ ইয়র্ক নেতৃত্ব দিচ্ছে। কর্নেল এবং RIT থেকে শুরু করে NY CREATES এবং আপস্টেটের ইত্যাদি আরো অনেক শীর্ষ গবেষণা প্রতিষ্ঠান এখন আগামী শতাব্দীর জন্য শিল্পখাতকে চালনা করবে এমন প্রযুক্তি তৈরিতে প্রতিরক্ষা বিভাগের সাথে অংশীদারিত্ব করছে। এই উল্লেখযোগ্য 27 মিলিয়ন মার্কিন ডলারের বেশি আপস্টেট নিউ ইয়র্ককে এমন আবিষ্কারের ক্ষেত্রে চালকের আসনে স্থাপন করে যা চিপ ও প্রতিরক্ষা শিল্পখাতের ধারণা অনুযায়ী এই প্রযুক্তির ভবিষ্যতের জন্য অপরিহার্য হবে। আমার CHIPS এবং বিজ্ঞান আইনকে আমি নিজের ধ্রুবতারা হিসেবে আপস্টেট নিউ ইয়র্ককে সাথে নিয়ে লিখেছি, কারণ আমি জানতাম যে নিউ ইয়র্কজুড়ে অভীষ্ট ফেডারেল বিনিয়োগ এই শিল্পখাতকে বিদেশ থেকে আমেরিকায় ফেরত নিয়ে আসতে পারবে। এখন ক্যাপিটাল রিজিয়ন থেকে সেন্ট্রাল নিউ ইয়র্ক হয়ে ওয়েস্টার্ন নিউ ইয়র্ক পর্যন্ত এটি হচ্ছে এবং প্রতিরক্ষা বিভাগ থেকে পাওয়া এই মুখ্য অর্থ আমাদেরকে প্রজন্মে একবার পাওয়া যায় এমন সুযোগটি আয়ত্তে আনতে সাহায্য করবে যা নতুন উদ্ভাবনকে চালিত করবে এবং আমাদের কর্মীদের প্রশিক্ষণ প্রদান করবে যাতে নিশ্চিত করা যায় যে এই প্রযুক্তির ভবিষ্যতের জন্য মুখ্য সকল আবিষ্কার এম্পায়ার স্টেটে আবিষ্কৃত এবং তৈরি করা যায়।"

সিনেটর কির্স্টেন জিলিব্র্যান্ড বলেন, "NORDTECH এর জন্য এই 30 মিলিয়ন মার্কিন ডলারের বেশি ফেডারেল তহবিল শুধু নিউ ইয়র্ক স্টেটে চলমান অত্যাধুনিক গবেষণা ও বিকাশকে অগ্রসর করবে না, বরং এছাড়াও এটি আমাদের জাতীয় নিরাপত্তায় একটি মুখ্য উন্নতি করবে," বলেন সিনেটর জিলিব্র্যান্ড। "DoD কে এই অত্যাবশ্যকীয় বিনিয়োগ করতে দেখে আমি অতি আনন্দিত, এবং নিউ ইয়র্ক স্টেটে মাইক্রোইলেকট্রনিক্স প্রস্তুতকরণ শিল্পখাতকে উন্নত করতে ফেডারেল সমর্থন নিশ্চিত করার জন্য লড়াই অব্যাহত রাখবো।"

প্রতিনিধি পল টঙ্কো বলেন, "আমাদের CHIPS এবং বিজ্ঞান আইনকে কংগ্রেসে পার করতে এবং আইন হিসেবে স্বাক্ষর করাতে আমি যখন লড়াই করেছি তখন আমি ঠিক এই ধরণের বিনিয়োগের কথাই চিন্তা করছিলাম। ফেডারেল তহবিলের এই উল্লেখযোগ্য সংযোজনের ফলে আমাদের স্টেট মেশিন লার্নিং এবং কৃত্রিম বুদ্ধিমত্তার মতো অগ্রসর প্রযুক্তিসমূহের জন্য একটি বৈশ্বিক কেন্দ্র হয়ে থাকবে, ভালো বেতনের চাকরি তৈরি করবে এবং আমাদের স্থানীয় অর্থনীতিসমূহকে বলীয়ান করবে এবং একই সাথে আমাদের জাতীয় নিরাপত্তাকেও বলীয়ান করবে। এইসব যুগান্তকারী প্রকল্পকে অগ্রসর করতে NORDTECH এর যেই সংস্থান প্রয়োজন তা প্রদান করার জন্য বাইডেন-হ্যারিস প্রশাসনের কাছে আমি কৃতজ্ঞ, এবং উদ্ভাবন এবং উদীয়মান মাইক্রোইলেকট্রনিক্স শিল্পখাতের বিকাশ চালিত করার মাধ্যমে নিউ ইয়র্ক যাতে বিশ্বের মঞ্চে শীর্ষস্থানেই থাকতে পারে তা নিশ্চিত করার জন্য আমি প্রতিশ্রুতিবদ্ধ রয়েছি।"

প্রতিনিধি জো মোরেল বলেন, "এই 30 মিলিয়ন মার্কিন ডলার হলো সেমিকন্ডাক্টর উদ্ভাবন ও প্রস্তুতকরণে নিউ ইয়র্ক স্টেটের নেতৃত্বের আরো একটি উদাহরণ, এবং আমাদের অঞ্চলের ব্যাপক সম্ভাবনা অনুধাবন করার জন্য প্রতিরক্ষা বিভাগ ও বাইডেন প্রশাসনের প্রতি আমি কৃতজ্ঞ। আমাদের ঐতিহাসিক আঞ্চলিক প্রযুক্তি কেন্দ্র আখ্যার সাথে মিলিত হয়ে NORDTECH এর জন্য এই অর্থ জাতীয় এবং বিশ্বের মঞ্চে আমদের প্রতিযোগিতায় টিকে থাকা নিশ্চিত করতে সাহায্য করবে। আমরা সম্ভব বলে যা জানি তাকে চ্যালেঞ্জ করতে এবং আমাদের উদ্ভাবনের গল্পের পরবর্তী অধ্যায় লিখতে NORDTECH এবং আমাদের সকল অংশীদারদের সাথে কাজ করতে আমি উন্মুখ।"

সংখ্যাগরিষ্ঠ নেতা অ্যান্ড্রিয়া স্টুয়ার্ট-কাজিন্স বলেন, "প্রতিরক্ষা বিভাগ যে NORDTECH প্রকল্পকে 30 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করেছে তার জন্য আমি অতি খুশি, এই অসাধারণ বিনিয়োগটি প্রতিরক্ষা প্রযুক্তির ভবিষ্যতকে অগ্রসর করতে নিউ ইয়র্কের ভূমিকার জন্য একটি রূপান্তরমূলক মুহূর্ত হিসেবে কাজ করবে। এক্সেলসিয়র চাকরি কর্মসূচির সম্প্রসারণ থেকে শুরু করে সবুজ চিপস কর্মসূচি এবং NY CREATES, এবং সেই সাথে অ্যালবানি ইউনিভার্সিটির ন্যানোটেকনোলজি, বিজ্ঞান, এবং প্রকৌশল কলেজের প্রতি আমাদের সমর্থন পর্যন্ত নিউ ইয়র্কের মাইক্রোইলেকট্রনিক্সের বিকাশ সমর্থন করতে আমার নেতৃত্বাধীনে নিউ ইয়র্কের সিনেটের সংখ্যাগরিষ্ঠরা উল্লেখজনক বিনিয়োগ করেছে। উদ্যোক্তা এবং প্রযুক্তি সংক্রান্ত উন্নয়নের একটি পরিবেশ তৈরি করা অব্যাহত রাখার জন্য আমরা প্রতিশ্রুতিবদ্ধ যাতে নিশ্চিত করতে পারি যে আমাদের ক্রমবর্ধমান অভ্যন্তরীণ মাইক্রোইলেকট্রনিক্স প্রস্তুতকরণ শিল্পখাতে একটি রূপান্তরমূলক প্রভাব রাখার মতো উদ্ভাবনী সহযোগিতামূলক গবেষণা দ্বারা নিউ ইয়র্ক দেশের শীর্ষে থাকা অব্যাহত রাখতে পারে।"

NY CREATES এর গবেষণার ভাইস প্রেসিডেন্ট ডাঃ সত্যভোলু পাপা রাও বলেন,
"প্রতিরক্ষা বিভাগ যে এই প্রকল্পের যুগান্তকারী সম্ভাবনা উপলব্ধি করতে পেরেছে তার জন্য এবং ফলাফল প্রদানকারী দলের অসাধারণত্বের জন্য আমরা কৃতজ্ঞ। ফেডারেল অর্থলাভের জন্য এই নির্বাচন হলো স্কেলযোগ্য কোয়ান্টাম প্রযুক্তি তৈরির ব্যাপারে NY CREATES এর অত্যাধুনিক গবেষণা, এবং কুইবিট নকশা ও ফ্যাব্রিকেশনের বহু দিকে দলের সদস্যদের নেতৃত্বের একটি প্রমাণস্বরূপ। একটি প্রাণবন্ত এবং বিকাশমান কোয়ান্টাম সম্প্রদায় দ্বারা কোয়ান্টাম প্রযুক্তিতে গুরুত্বপূর্ণ অগ্রগতির জন্য পথ তৈরি করতে এই গুরুত্বপূর্ণ প্রয়াসের সম্পাদন শুরু করার জন্য আমরা উৎসুক। জাতীয় নিরাপত্তাকে উন্নত করবে এবং কোয়ান্টাম কম্পিউটিংয়ের ক্ষেত্রে উন্নয়ন চালিত করবে এমন একটি দীর্ঘস্থায়ী প্রভাব রাখতে আবশ্যক কঠোর পরিশ্রম করার জন্য আমরা প্রতিশ্রুতিবদ্ধ।"

AIM ফটোনিক্স ডেভেলপমেন্টের ব্যবস্থাপক ডাঃ লুইস কার্পেন্টার বলেন,
"মাইক্রোইলেকট্রনিক্স কমন্সের প্রকল্পের আহ্বানে নির্দিষ্ট করে দেওয়া কোয়ান্টাম ফটোনিক প্রযুক্তিতে DoD এর বিকাশমান আগ্রহের সাড়াদান করতে AIM ফটোনিক্সের প্রস্তাবনা প্রদান করা হয়েছে। কোয়ান্টাম আলট্রা ব্রডব্যান্ড ফটোনিক ইন্টিগ্রেটেড সার্কিটস এবং সিস্টেমস (Quantum Ultra-broadband Photonic Integrated Circuits and Systems, QUPICS) একটি কোয়ান্টাম ফটোনিক প্ল্যাটফর্ম প্রদান করে যা বাণিজ্যিক এবং DoD এর প্রয়োগের সক্ষমতা প্রদান করে যা দৃশ্যমান, প্রায় ইনফ্রারেড, এবং ইনফ্রারেডে কাজ করা চিপ স্কেলের কোয়ান্টাম অপ্টইলেক্ট্রনিক ব্যবস্থার ধরনকে উল্লেখযোগ্যভাবে উন্নত করে। QUPICS মুখ্য প্রযুক্তির সমন্বয় সম্ভব করবে, যা ট্র্যাপড আয়ন, নিরপেক্ষ পরমাণু, এবং ফটোনিক কোয়ান্টাম প্রযুক্তির জন্য বিশাল পরিবর্তন নিয়ে আসবে।"

কর্নেলের গবেষণা ও উদ্ভাবনের ভাইস প্রেসিডেন্ট ডাঃ ক্রিস্টিন ভ্যান ভিলেট বলেন,
"NORDTECH এর মাধ্যমে প্রতিরক্ষা বিভাগের নির্বাচিত প্রথম রাউন্ডের মাইক্রোইলেকট্রনিক্স কমন্সের প্রযুক্তিগত গবেষণা প্রকল্পসমূহ দারুণ নতুন ধারণাসমূহকে আরো সুচারুভাবে ল্যাব থেকে ফ্যাব হয়ে প্রোটোটাইপ পর্যায়ে নিয়ে যাওয়ার একটি নতুন সুযোগের সূচনা করে। মাইক্রোইলেকট্রনিক্স উপাদান ও যন্ত্রকে ল্যাব থেকে ফ্যাবে নিয়ে যাওয়ার বহু আকর্ষণীয় প্রস্তাবনার মধ্য থেকে, এই দলসমূহ, যার মধ্যে কর্নেল গবেষকদের সাথে একত্রে নেতৃত্ব দান করা বা অংশীদারিত্ব করা একাধিক প্রস্তাব রয়েছে, তাদেরকে মার্কিন যুক্তরাষ্ট্রে মাইক্রোইলেকট্রনিক্স প্রস্তুতকরণ উদ্ভাবন ত্বরান্বিত করা এবং স্থিতিশীল করার এই জাতীয় গবেষণার গতি এবং চাপ পরীক্ষার জন্য নির্বাচন করা হয়েছে। শিল্পখাত, শিক্ষাখাত, এবং ফেডারেল ল্যাবের এই নতুন প্রকল্প দলগুলির কাছে এছাড়াও NORDTECH এর ইকোসিস্টেমের অংশ, কর্নেলের দক্ষ কর্মীসম্পন্ন ফ্যাসিলিটিসমূহের মতো ফ্যাসিলিটিতে সরঞ্জাম ব্যবহারে সুযোগ থাকবে। কর্নেলের গবেষকবৃন্দ এবং পুরো নিউ ইয়র্ক এবং মার্কিন যুক্তরাষ্ট্রে তাদের অংশীদারগণ NORDTECH এবং মাইক্রোইলেকট্রনিক্স কমন্সে যেসব অবদান রাখবে তা দেখার জন্য আমি উন্মুখ। কোয়ান্টাম প্রযুক্তি অগ্রসর করার জন্য কর্নেলের ডাঃ কারান মেহতার সহ নেতৃত্বের প্রকল্প, এবং ইলেকট্রনিক্সের বিদ্যুতায়নের জন্য উপাদান অনুমোদিত অগ্রসর কী বিষয়ে কর্নেলের ডাঃ দেবদ্বীপ জেনার নেতৃত্বে প্রকল্পটির মতো প্রকল্পসমূহ প্রদর্শন করতে পারবে বৈচিত্র্যময় গবেষণা দল কতটা কার্যকর হতে পারে। এই প্রকল্প দলসমূহের উদ্দেশ্যে শুধু NORDTECH এর ইকোসিস্টেম ব্যবহার করে মাইক্রোইলেকট্রনিক্স উপাদান ও যন্ত্রের কারিগরি কাঠিন্যে ব্যাপক

অগ্রগতি প্রদর্শন করা নয়, বরং এছাড়াও এই প্রকল্প দলসমূহ আগামী প্রজন্মের উচ্চাকাঙ্ক্ষী, সৃজনশীল মারিন যুক্তরাষ্ট্রের প্রতিভার পাইপলাইন তৈরি কবে যা ল্যাব ও ফ্যাবের মধ্যকার, আবিষ্কার ও ব্যবহারের মধ্যকার, এবং সামাজিক প্রয়োজন ও সামাজিক কল্যাণের মধ্যকার বিন্দুসমূহকে আরো ভালোভাবে সংযুক্ত করবে।"

রচেস্টার ইনস্টিটিউট অফ টেকনোলজির গবেষণার ভাইস প্রেসিডেন্ট এবং অ্যাসোসিয়েট প্রভোস্ট ডাঃ রাইন রাফায়েল বলেন, "মাইক্রোইলেকট্রনিক্স এবং তথ্য বিজ্ঞানের সূচনালগ্ন থেকেই এই ক্ষেত্রে সম্মুখসারিতে থাকতে পেরে RIT অত্যন্ত গর্বিত। প্রতিরক্ষা বিভাগের মাইক্রোইলেকট্রনিক কমন্স NORDTECH কেন্দ্র এবং এয়ার ফোর্স গবেষণা ল্যাবে আমাদের অংশীদারদের সাথে করা ভবিষ্যতের কোয়ান্টাম নেটওয়ার্ক নিয়ে কাজ নিশ্চিত করবে যাতে আমরা এইসব খাতে এবং এইসব অতি গুরুত্বপূর্ণ প্রযুক্তিতে আমাদের দেশের শিল্পখাতের ভিত্তিতে একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করা অব্যাহত রাখতে পারি। কোয়ান্টাম প্রযুক্তির প্রতিশ্রুতি বাস্তব করতে এবং মার্কিন যুক্তরাষ্ট্রের প্রতিযোগিতার ক্ষমতা এবং আমাদের দেশের অর্থনৈতিক প্রভাব বৃদ্ধি করতে আমাদের, এবং আমাদের অঞ্চল ও স্টেটের অন্যান্য চিপ ফ্যাব্রিকেশন অবকাঠামো ব্যবহার করার জন্য আমরা দুর্দান্তভাবে উদগ্রীব।"

গভর্নর হোকলের উদ্ভাবনী এজেন্ডা

এই ফেডারেল অর্থ হলো প্রধান চাকরিদাতা এবং ভালো বেতনের, 21 শতকের চাকরিকে আকৃষ্ট করার জন্য পুরো নিউ ইয়র্ক স্টেটে উদ্ভাবন চালনা করার জন্য গভর্নর হোকলের প্রতিশ্রুতির অনুবর্তী। তার অর্থবছর 2025 এর প্রণীত বাজেটের অংশ হিসেবে গভর্নর এম্পায়ার AI (Empire AI) এর জন্য একটি 275 মিলিয়ন মার্কিন ডলারের বিনিয়োগ নিশ্চিত করেছেন, এটি সাতটি ফাউন্ডিং প্রতিষ্ঠানের একটি কনসোর্টিয়াম যা বাফেলোতে অত্যাধুনিক কৃত্রিম বুদ্ধিমত্তার (artificial intelligence, AI) কম্পিউটিং কেন্দ্র তৈরি ও শুরু করবে যা নিউ ইয়র্ককে AI গবেষণার সম্মুখসারিতে স্থাপন করবে।

এছাড়াও নিউ ইয়র্ক স্টেটে সেমিকন্ডাক্টর গবেষণা, বিকাশ, এবং প্রস্তুতকরণের জন্য গভর্নর হোকল নিউ ইয়র্কের ঐতিহাসিক গ্রিন CHIPS (Green CHIPS) বিধিমালা স্বাক্ষর করেছেন এবং NY CREATES এর অ্যালবানি ন্যানোটেক কমপ্লেক্সে (Albany NanoTech Complex) পরবর্তী প্রজন্মের চিপস গবেষণা নিয়ে আসতে একটি 10 বিলিয়ন মার্কিন ডলারের অংশীদারিত্ব ঘোষণা করেছেন। ফেডারেল CHIPS এবং বিজ্ঞান আইনের প্রণোদনার সুযোগকে স্টেট তহবিলের সাথে ব্যবহার করে গভর্নরের উদ্যোগসমূহ সেমিকন্ডাক্টর শিল্পখাতের জন্য ঐতিহাসিক বিনিয়োগ উন্মোচন করেছে, যার মধ্যে রয়েছে একটি বিশ্বমানের চিপ প্রস্তুতকারক ফ্যাসিলিটি নির্মাণের জন্য এবং সেন্ট্রাল নিউ ইয়র্কে 50,000 চাকরি তৈরির জন্য মাইক্রনের 100 বিলিয়ন মার্কিন ডলার, এবং একই সাথে রয়েছে গ্লোবালফাউন্ড্রিজ, IBM, TTM টেকনোলজিস, মেনলো মাইক্রো এবং অন্যান্য সেমিকন্ডাক্টর এবং সরবরাহ চেইন ব্যবসা থেকে বিনিয়োগ।

পাশাপাশি, গভর্নর বায়োমেডিকেল গবেষণাতে উদ্ভাবন সমর্থন করার জন্য একটি 620 মিলিয়ন মার্কিন ডলারের লাইফ সাইন্স উদ্যোগ (Life Science Initiative) অগ্রসর করার কাজ অব্যাহত রেখেছেন। 113.7 মিলিয়ন মার্কিন ডলারের ব্যাটারি-NY উদ্যোগের মতো কৌশলী বিনিয়োগের

মাধ্যমে গভর্নর হোকল নিউ ইয়র্ক স্টেটে টেকসই দশা, সবুজ প্রযুক্তি, এবং শক্তি স্টোরেজ অর্থনীতির বিকাশে ইন্ধন প্রদান করেছেন।

গভর্নরের উদ্ভাবনী এজেন্ডা মুখ্য সরকারি ও বেসরকারি বিনিয়োগের জন্য অনুঘটক হিসেবে কাজ করেছে, নিউ ইয়র্কের অর্থনীতিকে রূপান্তরিত করেছে এবং ভবিষ্যতের ভালো বেতনের চাকরি তৈরি করেছে। গ্লোবালফাউন্ড্রিজ সম্প্রতি নিউ ইয়র্কের ক্যাপিটাল রিজিয়নে এর চিপ প্রস্তুতকরণ ক্যাম্পাস সম্প্রসারিত করার জন্য 11.6 বিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করার ঘোষণা করেছে, যা 1,500 প্রত্যক্ষ এবং কয়েক হাজার পরোক্ষ চাকরি তৈরি করবে। 2022 সালে মাইক্রন (Micron) সেন্ট্রাল নিউ ইয়র্কে একটি মেগাফ্যাব ক্যাম্পাস তৈরির জন্য একটি 20 বছরের 100 বিলিয়ন মার্কিন ডলারের বিনিয়োগ ঘোষণা করেন, যা 50,000 নতুন প্রত্যক্ষ ও পরোক্ষ চাকরি তৈরি করবে এবং সম্প্রদায়ের কল্যাণে কয়েকশত মিলিয়ন মার্কিন ডলার উন্মোচন করবে। 300 মিলিয়ন মার্কিন ডলারের নিউ ইয়র্ক চ্যান জাকারবার্গ বায়োহাবের (Chan Zuckerberg Biohub New York) জন্য নিউ ইয়র্কের বাছাইকে পাকাপোক্ত করতে গভর্নরের লাইফ সাইন্স উদ্যোগ সাহায্য করেছে, এটি নিউ ইয়র্ক সিটির একটি বায়োমেডিকেল গবেষণা কেন্দ্র, এবং এখানে শ্রোডিঙ্গার ইনকর্পোরেটেড (Schrödinger, Inc.), ডিয়ারফিল্ড ডিসকভারি অ্যান্ড ডেভেলপমেন্ট (Deerfield Discovery and Development), এবং অন্যান্য লাইফ সাইন্স ব্যবসার বিনিয়োগ রয়েছে। এর আগে এই বছরে, অভ্যন্তরীণ ব্যাটারি শিল্পখাতের ধারণক্ষমতা বিকাশের জন্য উদ্ভাবন, প্রযুক্তি অনুবাদ, এবং কর্মীবাহিনীর বিকাশের একটি কেন্দ্র স্থাপন করার জন্য ন্যাশনাল সাইন্স ফাউন্ডেশনও (National Science Foundation) বিংহ্যামটন ইউনিভার্সিটির (Binghamton University) নিউ এনার্জি নিউ ইয়র্ক স্টোরেজ ইঞ্জিনে (New Energy New York Storage Engine) 160 মিলিয়ন মার্কিন ডলারের বিনিয়োগ ঘোষণা করেছে।

নর্থইস্ট আঞ্চলিক প্রতিরক্ষা প্রযুক্তি কেন্দ্র সম্পর্কে

NORDTECH হলো নিউ ইয়র্ক স্টেটের এবং আশেপাশের অঞ্চলসমূহের মাইক্রোইলেকট্রনিক্স কমন্সের সরকারি ও বেসরকারি খাতের অভিজ্ঞদের নিয়ে গঠিত একটি আঞ্চলিক কোয়ালিশন, যা মার্কিন যুক্তরাষ্ট্রের CHIPS এবং বিজ্ঞান আইন থেকে প্রদত্ত প্রথম মুখ্য অর্থের অংশ হিসেবে 2023 সালের সেপ্টেম্বরে প্রতিষ্ঠিত হয়। কেন্দ্রের নেতৃত্বের দল এবং পরিচালনা কমিটি গঠিত হয়েছে NORDTECH এর পাঁচজন প্রতিষ্ঠাতা সদস্যদের নিয়ে, তারা হলো: নিউ ইয়র্ক গবেষণা, অর্থনৈতিক অগ্রগতি, প্রযুক্তি, প্রকৌশল, এবং বিজ্ঞান কেন্দ্র, অ্যালবানি ইউনিভার্সিটির ন্যানোটেকনোলজি, বিজ্ঞান, এবং প্রকৌশল কলেজ, কর্নেল ইউনিভার্সিটি, রেনসেলার পলিটেকনিক ইনস্টিটিউট, এবং IBM। NORDTECH এর বোর্ডকে বৈচিত্র্যময় অংশগ্রহণকারী সদস্য সংগঠন উপদেশ প্রদান করে, যাদের মধ্যে রয়েছে ক্ষুদ্র ও মাঝারি সেমিকন্ডাক্টর প্রস্তুতকরণ কোম্পানি, ইউনিভার্সিটি এবং কমিউনিটি কলেজ, এবং সেবা প্রদানকারী এবং সেমিকন্ডাক্টর ডিভাইসের নকশা, ফ্যাব্রিকেশন এবং উৎপাদনের শীর্ষে থাকা মুখ্য কর্পোরেশনসমূহ। আরো জানুন nordtechub.org এ।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন